গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং-২৯.০০.০০০০.২২৩.০২.০৫.২০২৩ (খন্ড-২)-৩০ তারিখ: ২৮/০৩/২০২৪ খ্রি. ।

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়: বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের আপদকালীন পরিস্থিতি মোকাবেলা করার জন্য অর্থ বরাদ্দ প্রসংগে।

উপযুর্ক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বান্দরবান, রাঙ্গামাটি ও খাগড়াছড়ি পার্বত্য জেলার নিম্নে বর্ণিত ব্যক্তি/প্রতিষ্ঠানের অনুকূলে সর্বমোট ১,০০,০০,০০০/-(এক কোটি) টাকা চেয়ারম্যান, বান্দরবান, রাঙ্গামাটি ও খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের অনুকূলে নিম্নোক্ত শর্তে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো:

ক্র.নং	আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	বরাদ্দের ধরণ	এনআইডি ও মোবাইল নং	টাকার পরিমাণ
০১	চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান	আপদকালীন, ঈদ-উল-ফিতর, বৈসাবি ও ১লা বৈশাখ	এনআইডি: পাওয়া যায়নি ফোন: পাওয়া যায়নি	২৫,০০,০০০/-
০২	চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি	আপদকালীন, ঈদ-উল-ফিতর, বৈসাবি ও ১লা বৈশাখ	এনআইডি: পাওয়া যায়নি ফোন: পাওয়া যায়নি	২৫,০০,০০০/-
০৩	চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি	আপদকালীন, ঈদ-উল-ফিতর, বৈসাবি ও ১লা বৈশাখ	এনআইডি: পাওয়া যায়নি ফোন: পাওয়া যায়নি	৫০,০০,০০০/-
			সর্বমোট	১,০০,০০,০০০/-

০২। চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেটে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি, আবর্তক ব্যয়-৩৭ সামাজিক সুবিধাদি-৩৭২১-নগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২১১০১ ত্রাণ কার্য (নগদ) খাতে বরাদ্দকৃত ৮,০০,০০,০০০/-(আট কোটি) টাকার মধ্যে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা খাতে বিভাজনকৃত ৭,৬০,০০,০০০/-(সাত কোটি ষাট লক্ষ) টাকা হতে এ ব্যয় নির্বাহ করা হবে।

শর্তসমূহ:

১. মঞ্জুরিকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র চেয়ারম্যান, বান্দরবান, রাঙ্গামাটি ও খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ বরাবর যথাসময়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
২. বরাদ্দকৃত অর্থ মাস্টার রোলের মাধ্যমে বিতরণপূর্বক নিরীক্ষার জন্য সংরক্ষণ করতে হবে এবং এ সংক্রান্ত উপকারভোগীর সংখ্যাসহ প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
৩. জেলা পরিষদ বরাদ্দগ্রহীতাগণের নিকট হতে প্রাপ্তিস্বীকারপত্র গ্রহণপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।
৪. বরাদ্দকৃত অর্থ ব্যবহারে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত এ মন্ত্রণালয়ের গত ১৫/০৪/২০০২ তারিখের ৪৩২ নং স্মারকের পরিপত্রের শর্তাদি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
৫. মন্ত্রণালয়ের পক্ষ থেকে উপযুক্ত প্রতিনিধি যে কোন সময় যে কোন প্রকার পরিদর্শন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে পারবে।

(মালেকা পারভীন)
উপসচিব
ফোন: ৯৫৪০১২৩

স্মারক নং-২৯.০০.০০০০.২২৩.০২.০৫.২০২৩ (খন্ড-২)-৩০ তারিখ: ২৮/০৩/২০২৪ খ্রি. ।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. চেয়ারম্যান, বান্দরবান/রাঙ্গামাটি/খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।
৩. অতিরিক্ত সচিব (সমন্বয়), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।)
৫. সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।)
৬. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বান্দরবান/রাঙ্গামাটি/খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ।
৭. সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

২৮/০৩/২০২৪
(মালেকা পারভীন)
উপসচিব